

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২২টি প্রতিষ্ঠানকে ১.২৩ লক্ষ টাকা জরিমানা

১১ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রাজবাড়ী, গোপালগঞ্জ, সাতক্ষীরা ও হবিগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে এটা সেটা স্টোরকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মুসলিম সুইটসকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে ফার্মারোজকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ৩৩,০০০/- (তেরিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর ধানমন্ডি এলাকায় অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আল বাইকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং VOOT কে ১০,০০০/- (দশ হাজার) এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে VOOT কে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় ৮টি প্রতিষ্ঠানকে ৩৪,৫০০/- (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা এবং গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের কোটালিপাড়া উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকাসহ মোট ৫৫,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ২২টি প্রতিষ্ঠানকে মোট ১,২৩,৫০০/- (এক লক্ষ তেরিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ২ জন অভিযোগকারীদেরকে মং ৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির সদস্য এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, সিলেট ও খুলনা।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, রাজবাড়ী, গোপালগঞ্জ, সাতক্ষীরা ও হবিগঞ্জ।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, রাজবাড়ী, গোপালগঞ্জ, সাতক্ষীরা ও হবিগঞ্জ।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।